# সূচির পাতা


| | |
|---|---|
| কিয়ামতের বর্ণনা | ৫ |
| "তাদের মাঝে যথাযথভাবে ফায়সালা করা হয়েছে" | ৫ |
| প্রথম পাপীর সাথে কথোপোকথন | ৫ |
| দ্বিতীয় পাপী | ৬ |
| তৃতীয় পাপী | ৬ |
| চতুর্থ পাপী | ৭ |
| পঞ্চম পাপী | ৭ |
| আল্লাহর বাণী | ৯ |
| কিছু হাদীসের উদ্ধৃত্তি | ১০ |
| আখেরাতের প্রতি বিশ্বাস আমল সংশোধনের উত্তম পদ্ধতি | ২৬ |
| সাহাবাগণের জীবনে পরকাল বিশ্বাসের কিছু দৃষ্টান্ত | ২৭ |
| হাশরের মাঠে লাঞ্ছনাকারী আমল | ৩২ |
| হাশরের মাঠে সম্মানজনক কর্মসমূহ | ৩৮ |
| ঐ সমস্ত আমল যে কারণে সৌভাগ্যবানরা আল্লাহর আরশের ছায়া পাবে | ৪১ |
| বান্দার হকের গুরুত্ব | ৪২ |
| বান্দার হক সম্পর্কে রাসূলুল্লাহ ﷺ-এর কতিপয় হাদীস | ৪৩ |
| একটি ভ্রান্তির অপনোদন | ৪৫ |
| হাউজে কাওসার থেকে বঞ্চিত চার ব্যক্তি | ৪৮ |
| পুলসিরাতে আমানত ও আত্মীয়তার সম্পর্ক | ৫৮ |
| মুনাফিক ও পুলসিরাত | ৭৪ |
| পরকালের প্রতি ঈমান আনা ওয়াজিব | ৮১ |
| কিয়ামত হঠাৎ কায়েম হবে | ৮২ |
| কিয়ামত অস্বীকারকারীদের অবাকতা | ৮৩ |
| কিয়ামতকে অস্বীকারকারীদের ভ্রান্তি | ৮৪ |
| কিয়ামত হওয়া নিয়ে ঠাট্টা করা | ৮৫ |
| কিয়ামতের দলীলসমূহ | ৮৮ |
| কিয়ামতের ব্যাপারে ভ্রান্তির অপনোদন | ৯১ |
| কিয়ামতের ভয়াবহতা | ৯৬ |
| কিয়ামত ও আকাশের অবস্থা | ১০৩ |

কিয়ামত ও পৃথিবী ১০৪
শিঙ্গায় কতবার ফুঁ দেয়া হবে ১০৯
প্রথম ফুঁৎকারের পর কি হবে? ১১১
শিঙ্গায় দ্বিতীয় ফুঁৎকারের পর কি হবে? ১১৩
পুনরুত্থান ১১৪
আল্লাহর পথে শহীদদের পুনরুত্থান ১২০
হাশর ১২১
হাশরের মাঠ ১২৩
হাশরের মাঠের ভয়াবহতা ১২৬
হাশরের মাঠে সূর্যের তাপ ১৩১
হাশরের মাঠে সম্মানিত করবে এমন কতিপয় আমল ১৩৩
পরকালে লাঞ্ছিত হওয়ার আমলসমূহ ১৪০
হাশরের মাঠে লোকদের বিভিন্ন দলে ভাগ হওয়া ১৫১
হাশরের মাঠে ঈমানদারদের অবস্থা ১৫৭
হাশরের মাঠে আল্লাহর আদালতের দৃশ্য ১৬০
আল্লাহর আদালতের সাক্ষীগণ ১৬১
আল্লাহর আদালতে উপস্থিতি ১৬৯
হাউজে কাওসার ১৭৯
সুপারিশ ১৮৬
হিসাব ২০০
যে সমস্ত নিয়ামতের হিসাব নেয়া হবে ২০৯
ডান হাতে আমলনামা ২১১
কঠিন হিসাব ২১৬
কিভাবে বদলা নেয়া হবে ২২০
মিযানের বর্ণনা ২২৪
পুলসিরাত ২৩৩
পুলসিরাত ও মুনাফিকরা ২৪৬
কাত্তারার বর্ণনা ২৪৮
কিয়ামত ........ পরিতাপের দিন ২৪৮
জান্নাতীদের জান্নাতে এবং জাহান্নামীদের জাহান্নামে
চিরস্থায়ীভাবে অবস্থান ২৫৪

# কিয়ামতের বর্ণনা

## "তাদের মাঝে যথাযথভাবে ফায়সালা করা হয়েছে"

সূর্য এক মাইল দূরত্বে থাকবে, পৃথিবী আগুনের ন্যায় জ্বলতে থাকবে, মানুষ উলঙ্গ হয়ে উপস্থিত হবে। আর ঘোষণা হবে:

وَامْتَازُوا الْيَوْمَ أَيُّهَا الْمُجْرِمُونَ

অর্থ: "আর হে অপরাধীরা! তোমরা আজ পৃথক হয়ে যাও।"

(সূরা ইয়াসীন-৫৯)

অতঃপর দলে দলে বিভক্ত করে দেয়া হবে, ঈমানদারের দল (আলেমগণের দল, ওলীগণের দল, শান্তি স্থাপনকারীদের দল, শহীদদের দল)।

অপর দিকে কাফির, মুশরিক, মুরতাদ, মুনাফিক, ফাসেক, ফাজেরদের দল, ইত্যাদি্।

- ০ আদালত স্থাপিত হবে, আল্লাহ ফেরেশতাদের বেষ্টনীতে অবতরণ করবেন।
- ০ আদালতের চতুর্পাশে ফেরেশতাগণ দলবদ্ধভাবে দাঁড়িয়ে থাকবে।
- ০ ফেরেশতা, নবীগণ, ওলীগণ, শহীদগণ... কে সাক্ষী হিসেবে ডাকা হবে।

### প্রথম পাপীর সাথে কথপোকথন

**আল্লাহ:** আমি কি তোমাকে চিন্তাভাবনা করার জন্য মন মস্তিষ্ক দেয়নি, শোনার জন্য কান এবং দেখার জন্য চোখ দেইনি?

**আদম সন্তান:** হে আল্লাহ সবকিছু দিয়েছিলে।

**আল্লাহ:** তাহলে তুমি কেন শিরক করলে? আমার নবী মুহাম্মদ ﷺ-কে কেন মিথ্যায় প্রতিপন্ন করলে? আমার নাযিলকৃত পথ কুরআন মাজীদ অনুযায়ী কেন চললে না?

আদম সন্তান ডান দিকে তাকিয়ে আগুন দেখতে পাবে, বাম দিকে তাকালেও আগুন দেখতে পাবে, তখন সে বলবে: হে আল্লাহ! আমি মূলত যালেম ছিলাম, আমাকে শুধু একবার পৃথিবীতে পাঠাও আমি একত্ববাদে বিশ্বাসী হয়ে আসব।

## দ্বিতীয় পাপী

**আল্লাহঃ** আমি কি তোমাকে সম্পদ, রাষ্ট্র, পরিবার, পরিজন, আরো অন্যান্য নেয়ামত দেইনি?

**আদম সন্তানঃ** হে আল্লাহ! সবকিছুই দিয়েছিলে।

**আল্লাহঃ** তাহলে তুমি আমার জন্য কি করেছিলে?

**আদম সন্তানঃ** হে আল্লাহ! আমি তোমার জন্য নামায আদায় করেছি, রোযা রেখেছি, দান-খয়রাত করেছি, কুরআন তেলাওয়াত করেছি, আরো অনক সৎকাজ করেছি।

**আল্লাহঃ** হে ফেরেশতারা! এ আদম সন্তানের মুখ বন্ধ করে দাও।

**ফেরেশতাঃ** হে আল্লাহ আমরা আপনার নির্দেশ পালনে সদা প্রস্তুত।

**আল্লাহঃ** হে আদম সন্তানের অঙ্গ পতঙ্গ সাক্ষী দাও।

**বাম রানঃ** হে আল্লাহ! এ লোক নামায, রোযা, দান-খয়রাত ইত্যাদি তো শুধু মুসলমানদের দলে অন্তর্ভুক্ত থাকার জন্য করেছে, কিন্তু মন থেকে কাফিরদের সংস্কৃতি ও তাদের ব্যবস্থাপনাকে সে পছন্দ করত।

আদম সন্তান ডান দিকে তাকিয়ে আগুন দেখতে পাবে, বাম দিকে তাকালেও আগুন দেখতে পাবে, তখন সে বলবেঃ হে আল্লাহ! আমি মূলত যালেম ছিলাম, আমাকে শুধু একবার পৃথিবীতে পাঠাও আমি একত্ববাদে বিশ্বাসী হয়ে আসব।

## তৃতীয় পাপী

**আল্লাহঃ** আমি কি তোমাকে উচ্চ পদ, ইজ্জত, স্ত্রী-সন্তান, আরামদায়ক ঘর, ঠাণ্ডা পানি, সুস্বাদু খাবার দেই নি?

**আদম সন্তানঃ** হে আল্লাহ! তুমি সবকিছু দিয়েছিলে।

**আল্লাহঃ** তুমি আমার পছন্দনীয় দিন থেকে কেন পিছপা হলে?

**আদম সন্তানঃ** হে আল্লাহ! কাফেরের শক্তি ও বিজয় দেখে ভীত হয়ে।

**আল্লাহ:** আমি কি সবচেয়ে বেশি হকদার ছিলাম না যে তুমি আমাকে ভয় করবে?

**আদম সন্তান:** হ্যাঁ, হে আল্লাহ! কিন্তু তুমি আমাকে কেন অন্ধ করে পুনরুত্থিত করলে আমি তো অন্ধ ছিলাম না?

**আল্লাহ:** যেভাবে পৃথিবীতে তুমি আমার বিধি-বিধান থেকে মুখ ফিরিয়ে নিয়েছিলে, এভাবে আমিও আজ তোমার কাছ থেকে মুখ ফিরিয়ে নিয়েছি।

আদম সন্তান ডান দিকে তাকিয়ে আগুন দেখতে পাবে, বাম দিকে তাকালেও আগুন দেখতে পাবে, তখন সে বলবে: হে আল্লাহ! আমি মূলত যালেম ছিলাম, আমাকে শুধু একবার পৃথিবীতে পাঠাও আমি তোমার ও তোমার রাসূলের অনুসরণ করব।

## চতুর্থ পাপী

**আল্লাহ:** আমি কি তোমাকে দুনিয়াতে রাষ্ট্রীয় ক্ষমতা, শক্তি, স্বাধীনতা দেইনি?

**আদম সন্তান:** হে আল্লাহ! দিয়েছিলো।

**আল্লাহ:** তুমি যথাযথভাবে কেন নামায আদায় কর নি, নিয়ম মত যাকাত কেন আদায় কর নি, তুমি ইসলামের পুত পবিত্র বিধি-বিধান কেন কার্যকর কর নি, ইসলামী আইন কেন কার্যকর কর নি, আমার দ্বীনের পথে কেন চল নি?

আদম সন্তান ডান দিকে তাকিয়ে আগুন দেখতে পাবে, বাম দিকে তাকালেও আগুন দেখতে পাবে, তখন সে বলবে: হে আল্লাহ! আমি মূলত যালেম ছিলাম, আমাকে শুধু একবার পৃথিবীতে পাঠাও আমি তোমার দ্বীনের সাহায্যকারী হব।

## পঞ্চম পাপী

**আল্লাহ:** আমি কি তোমাকে প্রশস্ত জমিন দেইনি? নেতৃত্ব দেইনি? বে-হিসাব ধন-সম্পদ, সম্মান দেইনি?

**আদম সন্তান:** হ্যাঁ! হে আল্লাহ সবকিছু দিয়েছিলে।